



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
www.pib.gov.bd

ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি	ড. কামরুল হক ইনোভেশন অফিসার ও গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি) (চলতি দায়িত্ব)
সভার তারিখ	০২/০১/২০২৩ খ্রি.
সভার সময়	সকাল ১০:৩০মি.
স্থান	পরিচালক (প্রশাসন) এর দপ্তর
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুসারে কার্যক্রম উপস্থাপনের জন্য ইনোভেশন টিমের সদস্য-সচিব ও মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব) জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা-কে আহ্বান জানান। জনাব আফতাব প্রথমে গত ১৮ অক্টোবর ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত পিআইবি ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পড়ে শোনান এবং উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রমগুলো বাস্তবায়ন হওয়ায় সভাপতি সন্তোষ প্রকাশ করেন। জনাব আফতাব জানান, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আইসিটি সেল থেকে পত্রের মাধ্যমে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর দ্বিতীয় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) অগ্রগতি প্রতিবেদন এবং ষাণ্মাসিক (জুলাই-ডিসেম্বর) প্রতিবেদন প্রমাণকসহ আগামী ৫/০১/২০২৩ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করেছে। সে প্রেক্ষিতে তিনি ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর দ্বিতীয় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) অগ্রগতি প্রতিবেদন এবং ষাণ্মাসিক (জুলাই-ডিসেম্বর) প্রতিবেদনের খসড়া উপস্থাপন করেন। সকল সদস্য আলোচনায় অংশ নেন। এর আলোকে প্রতিবেদনগুলো চূড়ান্ত করা হয়।

জনাব আফতাব আরো জানান, প্রতি প্রান্তিকে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮' মোতাবেক আইসিটি বিষয়ক কার্যক্রমের করণীয় বিষয়সমূহের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন এবং করণীয় বিষয়সমূহের মধ্যে চিহ্নিত অগ্রাধিকার কার্যক্রমের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করতে হয়। সে আলোকে এ প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর /২০২২) খসড়া প্রতিবেদন উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রতিবেদন চূড়ান্ত করা হয়।

ইনোভেশন টিমের সদস্য ও উপপরিচালক জনাব মো. জাকির হোসেন ই-নথির ব্যবহার বৃদ্ধিতে ই-নথি বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজনের উপর গুরুত্ব আরোপ করেন এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক ২.২.১ অনুযায়ী ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের অনুরোধ জানান। সকল সদস্য এতে একমত পোষণ করেন। সভায় সকল আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ	১। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর দ্বিতীয় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) অগ্রগতি প্রতিবেদন (প্রমাণকসহ), ষাণ্মাসিক (জুলাই-ডিসেম্বর) প্রতিবেদন (প্রমাণকসহ) এবং জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮' মোতাবেক আইসিটি বিষয়ক কার্যক্রমের করণীয় বিষয়সমূহের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন এবং করণীয় বিষয়সমূহের মধ্যে চিহ্নিত অগ্রাধিকার কার্যক্রমের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
	২। প্রশাসন বিভাগ জানুয়ারি ২০২৩ এর তৃতীয় সপ্তাহে ই-নথি বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা করবে।
	৩। প্রশাসন বিভাগ জানুয়ারি ২০২৩ এর চতুর্থ সপ্তাহে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত একটি প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা করবে।

এছাড়া সভাপতি ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ নির্ধারিত সময় অনুযায়ী যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. কামরুল হক

ইনোভেশন অফিসার ও গবেষণা বিশেষজ্ঞ
(তথ্য প্রযুক্তি) (চলতি দায়িত্ব)

স্মারক নম্বর: ১৫.৬২.০০০০.০০২.১৬.০০৪.২২.২৪

তারিখ: ১৮ পৌষ ১৪২৯

০২ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) ড. কামরুল হক, গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি) (চলতি দায়িত্ব), গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ, পিআইবি
- ২) মো. জাকির হোসেন, উপপরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব), প্রশাসন বিভাগ, পিআইবি
- ৩) শুব কৰ্মকৰ, প্রভাষক, অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ, পিআইবি
- ৪) নাসিমুল আহসান, সহকারী প্রশিক্ষক, অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ, পিআইবি



মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঞা
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব)